

তারিখ ... ..  
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৬

**স্টামফোর্ড ইউনিভার্সিটি  
বাংলাদেশের সরকারী  
অনুমোদন লাভ**

স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন লাভ করেছে। বিশ্ববিদ্যালয়টি বিশ্ববিখ্যাত স্টামফোর্ড ইউনিভার্সিটি এ্যান্ড কলেজ গ্রুপের ফ্র্যাঞ্চাইজি ক্যাম্পাস হিসাবে স্টামফোর্ড কলেজ গ্রুপ '৯৪ সালে শিক্ষা কার্যক্রম শুরু করে, দ্য আমেরিকান এ্যাসোসিয়েশন অব কলেজিয়েট স্কুল অব বিজনেস (এএসিএসবি), সাউদার্ন এ্যাসোসিয়েশন অব কলেজেস এ্যান্ড স্কুলস (এসএসিএস) ও ন্যাশনাল কাউন্সিল ফর প্রাইভেট স্কুল এ্যাক্রেডিটেশনের (এনসিপিএসএ) স্বীকৃতিপ্রাপ্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধীনে বিবিএ, এমবিএ, বিএসসি-ইন কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং ও বিএসসি-ইন কম্পিউটার ইনফরমেশন সিস্টেম প্রোগ্রাম চালিয়ে আসছে। এ পর্যন্ত ৩শ' ছাত্রছাত্রী এই প্রতিষ্ঠান থেকে ডিগ্রী অর্জন করেছে। স্টামফোর্ড অবিলম্বে এএসিএসবি এবং এসএসিএস-এর অনুমোদন লাভের বিষয়টিও বিবেচনাধীন রয়েছে। এটা হলে এই বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ২৭টি বিশ্ববিদ্যালয়ে সরাসরি ক্রেডিট ট্রান্সফার করার সুযোগ পাবে।

স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ স্থাপিত হওয়ার কারণে বর্তমানে অধ্যয়নরত এবং ভবিষ্যতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের বিদেশে গিয়ে ডিগ্রী নেয়ার প্রয়োজন হবে না। কারণ এই বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী সমগ্র বিশ্বে সমমানে স্বীকৃত।

স্টামফোর্ড ইউনিভার্সিটি, বাংলাদেশের